



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৫ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে দুই ইউপিডিএফ সংগঠককে গ্রেফতারের প্রতিবাদে বিক্ষোভ

খাগড়াছড়ির পানছড়িতে সেনাবাহিনী কর্তৃক ইউপিডিএফ সংগঠক সুসময় চাকমা ও প্রদীপ ময় চাকমাকে অন্যায়ভাবে গ্রেফতারের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) পানছড়ি ইউনিট।

আজ শনিবার (৫ মার্চ ২০২২) বিকাল ৩টার সময় বিক্ষোভ মিছিল পরবর্তী অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে ইউপিডিএফের পানছড়ি ইউনিটের সদস্য আপন চাকমার সভাপতিত্বে বক্তব্য রাখেন গণতান্ত্রিক যুব ফোরামের খাগড়াছড়ি জেলা সভাপতি ক্যামরন চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষদের খাগড়াছড়ি জেলা সাংগঠনিক সম্পাদক মিঠুন চাকমা। এতে সঞ্চালনা করেন গণতান্ত্রিক যুব ফোরামের পানছড়ি উপজেলা ভারপ্রাপ্ত সভাপতি সুর মঙ্গল চাকমা।


সমাবেশে বক্তারা ইউপিডিএফ'র দুই সংগঠককে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। তারা অভিযোগ করে বলেন, সরকার পরিকল্পিতভাবে জুম্ম জনগণের ন্যায়সঙ্গত আন্দোলন দমন করতে ইউপিডিএফ ও জনগণের উপর নিপীড়ন-নির্যাতন চালাচ্ছে। প্রতিনিয়ত ইউপিডিএফের নেতা-কর্মী, সমর্থক ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীদের অন্যায়ভাবে গ্রেফতার, নির্যাতন, মিথ্যা মামলায় জেলে প্রেরণসহ নানা নিপীড়ন-হয়রানি করা হচ্ছে। তারই অংশ হিসেবে আজ ভোররাত ৩টার সময়ে ইউপিডিএফ'র দুই সংগঠক সুসময় চাকমা(৫৫) ও প্রদীপ ময় চাকমা(৪৫)-কে বিনা ওয়ারেন্টে অন্যায়ভাবে গ্রেফতার ও অমানুষিক নির্যাতন করা হয়েছে। শুধু তাই নয়, সেনা সদস্যরা তারা বন এলাকায় এলোপাতাড়ি গুলি ছুঁড়ে আতঙ্ক সৃষ্টি করেছে। বিমল জ্যোতি চাকমা (৫৫) নামে এক গ্রামবাসীকে মারধর ও তার ঘরে ভাঙচুর চালিয়েছে। এছাড়া সেনারা বৃষ কান্তি চাকমা নামে অপর এক গ্রামবাসীকেও ক্যাম্পে ধরে নিয়ে গিয়ে হয়রানি করেছে।

তারা আরো বলেন, পার্বত্য চট্টগ্রামসহ দেশের সকল অন্যায়-অবিচারের বিরুদ্ধে ইউপিডিএফ-ই জোরালো প্রতিবাদ করে থাকে। কিন্তু সেনাশাসন অপারেশন উত্তরণ ও অগণতান্ত্রিক '১১ নির্দেশনা' জারি রেখে সংবিধান স্বীকৃত মিছিল, মিটিং, সভা-সমাবেশসহ গণতান্ত্রিক অধিকার সংকুচিত করে দেয়া হয়েছে। নিপীড়ন-নির্যাতন ও অন্যায়-অবিচারের বিরুদ্ধে সোচ্চার থাকার কারণেই সরকার ও সেনাবাহিনী ইউপিডিএফকে প্রধান লক্ষ্যবস্তুতে পরিণত করেছে বলে বক্তারা অভিযোগ করেন।

বজ্জারা দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, যতই দমন-পীড়ন চালানো হোক না কেন ইউপিডিএফের ন্যায়সঙ্গত আন্দোলন কখনো দমিয়ে রাখা যাবে না। নিপীড়িত-নির্যাতিত মুক্তিকামী জনগণকে সাথে নিয়ে ইউপিডিএফ তার আন্দোলন চালিয়ে যাবে।

সমাবেশ থেকে বজ্জারা অবিলম্বে শ্রেফতারকৃত ইউপিডিএফ নেতা সুসময় চাকমা ও প্রদীপ ময় চাকমাকে নিঃশর্ত মুক্তিদান পূর্বক পাহাড়ে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।